| | |
|---|---|
| সহকারী পরিচালক-১ | ✓ |
| সহকারী পরিচালক-২ | |
| সমাজসেবা অফিসার (রেজি:) | ✓ |
| প্রশাসনিক ও হিসাব রক্ষণ কর্মকর্তা | |
| উচ্চমান সহকারী | |
| শাখা সহকারী | |

ডকেট নং ১০৭৫ তারিখ ২/১১/২৫
জেলা সমাজসেবা কার্যালয়, কুষ্টিয়া।
কর্মকর্তার স্বাক্ষর / সহকারীর স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ
সমাজকল্যাণ মন্ত্রণালয়
১৩২ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০
www.bnswc.gov.bd

নং ৪১.০৩.০০০০.০০০.০৮১.৩২(৮).০০৭০.২৫-৯৩৩

তারিখ: ১১ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
২৭ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয়: ২০২৫-২০২৬ অর্থবছরের নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংগঠনসমূহে অনুদান প্রদান।**

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংগঠনসমূহের অনুকূলে ২০২৫-২০২৬ অর্থবছরের এককালীন আর্থিক অনুদান প্রদানের লক্ষ্যে 'দৈনিক আমার দেশ' এবং 'দৈনিক মানবজমিন' পত্রিকায় ২৬.১০.২০২৫ তারিখ রোজ রবিবার বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে (**বিজ্ঞপ্তি সংযুক্ত**)। **অনুদান প্রদান সম্পর্কিত নিয়মাবলী নিম্নরূপ:**

১. তাঁর জেলার মোট বরাদ্দের পরিমাণ **১৫৬০০০০ (পনেরো লক্ষ ষাট হাজার**) টাকা মাত্র এবং এ বরাদ্দের মধ্যেই সংগঠনের অনুকূলে অনুদান প্রদানের সুপারিশ করতে হবে;
২. অনুদান প্রাপ্তির জন্য আগ্রহী সংগঠনসমূহকে পরিষদ কর্তৃক নির্ধারিত ফরমে আবেদন করতে হবে;
৩. পরিষদের ওয়েবসাইট (www.bnswc.gov.bd) হতে নতুন আবেদন ফরম ডাউনলোড করে আবেদন করতে হবে। আবেদন ফরমের ফটোকপিও ব্যবহার করা যাবে;
৪. রোগীকল্যাণ সমিতি, সমন্বয় পরিষদ (ইউসিডি), অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতি এবং নিবন্ধিত স্বেচ্ছাসেবী সংগঠনের ক্ষেত্রে 'আবেদন ফি' ১০০/-(একশত) টাকা রশিদের মাধ্যমে গ্রহণপূর্বক পরিষদের নির্বাহী সচিব এর অনুকূলে (পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মাধ্যমে) প্রেরণ করতে হবে;
৫. নির্ধারিত সময়সীমার পরে প্রাপ্ত আবেদনপত্র অনুদানের জন্য বিবেচনা করা হবে না;
৬. অনুদান প্রদানের ক্ষেত্রে **'বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ বিধিমালা, ২০২৪' এর তফসিল- ঘ, ঙ, চ ও ছ** অনুসরণ করতে হবে;
   (ক) আবেদনকারী স্বেচ্ছাসেবী সংগঠনকে অবশ্যই মোবাইল নম্বর; সংগঠনের অনলাইন ব্যাংক হিসাবের নাম; হিসাব নম্বর; ব্যাংকের নাম, শাখার নাম, শাখার রাউটিং নম্বর এবং চেকবহির ১ম দুই পাতা ফটোকপিসহ আবেদন করতে হবে। উল্লেখ্য, ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার (EFT) পদ্ধতিতে অনুদান প্রদান করা হবে। সংশ্লিষ্ট উল্লিখিত সকল তথ্য আবেদনের সাথে রাউটিং নম্বরসহ ব্যাংক হিসাব প্রদান না করলে অনুদানের জন্য উক্ত সংগঠনকে বিবেচনা করা হবে না;
   (খ) আবেদনপত্রসমূহ প্রক্রিয়াকরণের সময়সূচি অনুযায়ী যথাসময়ে উপজেলা ও জেলা সমাজকল্যাণ কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন গ্রহণ করতে হবে;
   (গ) নির্ধারিত সময়ে আবেদনপত্র প্রয়োজনীয় কাগজপত্রসহ সংগঠনের বিপরীতে অনুদানের অর্থের পরিমাণ উল্লেখপূর্বক সুপারিশসহ পরিষদ কার্যালয়ে প্রেরণ করতে হবে; এবং
   (ঘ) উপজেলা/ইউসিডি ও জেলায় প্রাপ্ত আবেদনপত্রসমূহ যথাযথভাবে পুঙ্খানুপুঙ্খরূপে যাচাই বাছাই করে 'বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ বিধিমালা, ২০২৪' অনুযায়ী বর্ণিত নিয়মাবলী/শর্তাবলীর আলোকে অনুদানের সুপারিশ করতে হবে।
৭. ২০২৫-২০২৬ অর্থবছরের অনুদানের জন্য প্রাপ্ত আবেদন 'বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ বিধিমালা, ২০২৪' অনুযায়ী বর্ণিত নিয়মাবলী/শর্তাবলীর আলোকে যাচাই-বাছাই করে জেলা সমাজকল্যাণ কমিটির সুপারিশসহ সকল আবেদন **'সংযুক্ত ছক' (পরিশিষ্ট- 'ক' ও 'খ')** অনুযায়ী একীভূত বিবরণীসহ নিকস ফন্টে প্রস্তুত করে ইমেইলে (bnswcbd@gmail.com) সফটকপি ও হার্ডকপি বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ১৩২ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০ এ ঠিকানায় ০৩ (তিন) সেট আগামী ৩১ জানুয়ারি ২০২৬ তারিখের মধ্যে বিশেষ বাহক মারফত/ডাকযোগে প্রেরণ করতে হবে;
৮. অসম্পূর্ণ এবং বিধিমালা পরিপন্থী আবেদনপত্র বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত;
৯. আবেদন ফি বাবদ আদায়কৃত সমুদয় অর্থ নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ঢাকা বরাবরে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে তালিকার সাথে প্রেরণ করতে হবে;
১০. সংগঠনসমূহ কর্তৃক উপজেলা সমাজসেবা কার্যালয়/শহর সমাজসেবা কার্যালয়ে আবেদনপত্র জমা দেয়ার শেষ **তারিখ ৩১ ডিসেম্বর, ২০২৫ খ্রি.;**
১১. জেলা সমাজকল্যাণ কমিটি কর্তৃক সুপারিশসহ পরিষদ কার্যালয়ে আবেদন প্রেরণের শেষ **তারিখ ৩১ জানুয়ারি ২০২৬ খ্রি.**; এবং
১২. পরিষদের ওয়েবসাইট: **www.bnswc.gov.bd (ফরম ও প্রকাশনা সেবাবক্স থেকে আবেদন ফরম এবং অনুদান সেবাবক্স থেকে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ বিধিমালা-২০২৪ ডাউনলোড করা যাবে)**

সংযুক্ত: বর্ণনামতে ০২ (দুই) পাতা

ফেরদৌস 27/10/25

শামীমা ফেরদৌস
নির্বাহী সচিব(যুগ্মসচিব)
ফোন: +৮৮০২-২২২২২৮১২৫
ইমেইল: bnswcbd@gmail.com

জেলা প্রশাসক ও
সভাপতি, জেলা সমাজকল্যাণ কমিটি
কুষ্টিয়া

<u>অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :</u>

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭
২. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ (মাননীয় উপদেষ্টার সদয় জ্ঞাতার্থে)
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)
৪. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা বিভাগ, খুলনা [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় ও সদস্য-সচিব, জেলা সমাজকল্যাণ কমিটি, কুষ্টিয়া **(নির্ধারিত সময়ে সকল কার্যক্রম সম্পন্নপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ পূর্নাঙ্গ আবেদনপত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)**
৬. কম্পিউটার/ডাটা এন্ট্রি অপারেটর, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ (বিজ্ঞপ্তিসহ পত্রটি পরিষদের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৭. অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

পরিশিষ্ট-'ক'

## বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক ২০২৫-২০২৬ অর্থবছরে নিবন্ধিত স্বেচ্ছাসেবী সংগঠনের জন্য অনুদানের আবেদনপত্রের একীভূত তালিকা

**ার নাম :**

| শহর সমাজসেবা/ উপজেলার নাম | সংস্থার নাম, ঠিকানা, রেজি: নং ও তারিখ | মোবাইল নম্বর (আবশ্যক) | অনলাইন ব্যাংক হিসাবের নাম, নম্বর, ব্যাংকের নাম, শাখা ও শাখার রাউটিং নম্বর **(ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার (EFT) পদ্ধতিতে অনুদান প্রদান করা হবে বিধায় আবশ্যিকভাবে প্রদান করতে হবে)** | কি কার্যক্রমের জন্য অনুদান চাওয়া হয়েছে এবং সংক্ষিপ্ত বিবরণ | নিবন্ধিত হওয়ার পর সংস্থার বয়স (৩০.০৬.২০২৪ তারিখে) | সর্বশেষ অডিট রিপোর্ট আবেদনের সাথে সংযুক্ত আছে কি? (হ্যাঁ/না) | ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন আছে কি? (হ্যাঁ/না) | পরিষদ হতে ২০২৪-২০২৫ অর্থবছরে প্রাপ্ত অনুদানের পরিমাণ | জেলা সমাজকল্যাণ কমিটি কর্তৃক ২০২৫-২০২৬ অর্থবছরে সুপারিশকৃত অনুদানে পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |

পরিশিষ্ট-'খ'

## বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক ২০২৫-২০২৬ অর্থবছরে শহর সমাজ উন্নয়ন প্রকল্প পরিষদ/রোগীকল্যাণ সমিতি/ অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতির জন্য অনুদানের আবেদনপত্রের একীভূত তালিকা

**ার নাম :**

| শহর সমাজসেবা/ উপজেলার নাম | সংস্থার নাম, ঠিকানা, রেজি: নং ও তারিখ | মোবাইল নম্বর (আবশ্যক) | অনলাইন ব্যাংক হিসাবের নাম, নম্বর, ব্যাংকের নাম, শাখা ও শাখার রাউটিং নম্বর **(ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার (EFT) পদ্ধতিতে অনুদান প্রদান করা হবে বিধায় আবশ্যিকভাবে প্রদান করতে হবে)** | কি কার্যক্রমের জন্য অনুদান চাওয়া হয়েছে এবং সংক্ষিপ্ত বিবরণ | নিবন্ধিত হওয়ার পর সংস্থার বয়স (৩০.০৬.২০২৪ তারিখে) | সর্বশেষ অডিট রিপোর্ট আবেদনের সাথে সংযুক্ত আছে কি? (হ্যাঁ/না) | ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন আছে কি? (হ্যাঁ/না) | পরিষদ হতে ২০২৪-২০২৫ অর্থবছরে প্রাপ্ত অনুদানের পরিমাণ | জেলা সমাজকল্যাণ কমিটি কর্তৃক ২০২৫-২০২৬ অর্থবছরে সুপারিশকৃত অনুদানে পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |

শামীমা ফেরদৌস
নির্বাহী সচিব (যুগ্মসচিব)

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ
সমাজকল্যাণ মন্ত্রণালয়
১৩২ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০, www.bnswc.gov.bd

নং ৪১.০৩,০০০০.০০০.০৮১.৩২(৮).০০৭৭.২৫. ৯১৮

তারিখ: ০৬কার্তিক ১৪৩২ / ২২ অক্টোবর ২০২৫

## নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংগঠনসমূহে অনুদানের বিজ্ঞপ্তি

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে ২০২৫-২০২৬ অর্থবছরে নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংগঠনের অনুকূলে এককালীন আর্থিক অনুদান প্রদানের লক্ষ্যে আবেদন আহ্বান করা হলো।

**১। অনলাইনে আবেদনকারী নিবন্ধিত সমাজকল্যাণ সংগঠনসমূহ:**

| ক্র. নং | প্রতিষ্ঠানের ধরন | ফরম নম্বর | আবেদন ফি | যে লিংকে গিয়ে আবেদনকারী অনলাইনে আবেদন করতে পারবেন | কারিগরি সহায়তার জন্য |
|---|---|---|---|---|---|
| ১. | জাতীয় সংগঠনকে অনুদান (বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক জাতীয় সংগঠন হিসেবে স্বীকৃতিপ্রাপ্ত) | ফরম নম্বর-২ | ৫০০/- (পাঁচশত) টাকা (পে-অর্ডারের মাধ্যমে) | http://services.msw. gov. bd/portal/jatio-porjaye | ০১৭১১-০৭১৮৮৮<br>০১৯৬৬-২৪৯২২৫<br>০১৭১১-৩৭৮১৮১ |
| ২. | রোগীকল্যাণ সমিতিকে অনুদান (ক) মেডিকেল কলেজ হাসপাতাল (খ) জেলা সদর হাসপাতাল (গ) বিশেষায়িত হাসপাতাল | ফরম নম্বর-৪ | ১০০/- (একশত) টাকা | http://services.msw. gov. bd/portal/rugiko llan | |
| ৩. | সমন্বয় পরিষদ (ইউসিডি) কে অনুদান | ফরম নম্বর-৫ | ১০০/ (একশত) টাকা | http://services.msw. gov. bd/portal/ucd | |
| ৪. | অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতিকে অনুদান | ফরম নম্বর-৬ | ১০০/- (একশত) টাকা | http://services.msw. gov. bd/portal/opora dhi | |

**২। সরাসরি আবেদনকারী নিবন্ধিত সমাজকল্যাণ সংগঠনসমূহ:**

| ক্র. নং | প্রতিষ্ঠানের ধরন | ফরম নম্বর | আবেদন ফি | সরাসরি যে কার্যালয়ে আবেদন দাখিল করবেন |
|---|---|---|---|---|
| ১. | স্বেচ্ছাসেবী সংগঠনকে অনুদান (সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত) | ফরম নম্বর-৩ | ১০০/- (একশত) টাকা | সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা কার্যালয়/ শহর সমাজসেবা কার্যালয় |
| ২. | উপজেলা রোগীকল্যাণ সমিতিকে অনুদান | ফরম নম্বর-৪ | ১০০/- (একশত) টাকা | সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয় |

**৩। আবেদন করার যোগ্যতা:**
স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংস্থাসমূহ (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ, ১৯৬১ ও স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংস্থাসমূহ (রেজিস্ট্রেশন ও নিয়ন্ত্রণ) বিধি, ১৯৬২ অনুযায়ী নিবন্ধিত, সক্রিয় এবং সমাজকল্যাণমূলক কাজে অবদান রাখছে এমন নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংগঠন।

**৪। আবেদনের সাথে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে:**
ক. নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি; খ. হালনাগাদ কার্যনির্বাহী কমিটির সদস্যদের নামের তালিকা; গ. চলমান ও বাস্তবায়িত কর্মসূচির সংক্ষিপ্ত বিবরণ; ঘ. বিধি অনুযায়ী সংগঠনের বিগত ০৩ (তিন) বছরের আয়-ব্যয়ের অডিট রিপোর্ট; ঙ. বিগত অর্থবছরে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ বা অধিদপ্তর সংগঠনের কার্যক্রম পরিদর্শন বা নিরীক্ষা করেছে কিনা? পরিদর্শন বা নিরীক্ষা করা হয়ে থাকলে এর প্রতিবেদন বা মন্তব্য; চ. বিগত অর্থবছরের আয়কর বিবরণীর কপি (যদি থাকে); ছ. বাৎসরিক আর্থিক প্রতিবেদন/ বাজেট বিবরণী; এবং জ. জাতীয় পর্যায়ের সংগঠন হিসেবে স্বীকৃতির অনুলিপি (জাতীয় পর্যায়ের সংগঠনের ক্ষেত্রে প্রযোজ্য)।

**৫। আবেদন জমাদানের শেষ তারিখ: ৩১ ডিসেম্বর, ২০২৫**
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। পরিষদের ওয়েবসাইট www.bnswc.gov.bd হতে আবেদন ফরম ডাউনলোড করা যাবে। আবেদন ফরমের ফটোকপি ব্যবহার করা যাবে। নির্ধারিত তারিখের পরে আবেদন গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। যে কোনো আবেদন গ্রহণ বা বাতিলের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


২২/১০/২৫
**শামীমা ফেরদৌস**
নির্বাহী সচিব (যুগ্মসচিব)
ফোন: +৮৮০২-২২২২৮১২৫, ইমেইল: bnswcbd@gmail.com


ডিজি-১৪৮৩/২৫ (৮"X৩)

২৬ অক্টোবর, ২০২৫
দৈনিক আমার দেশ